



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম অধিদপ্তর
শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া

স্মারক নম্বর: ৪০.০২.৫০০০.৪১৫.০৬.০০২.২১.২১

তারিখ: ২২ চৈত্র ১৪২৭

০৫ এপ্রিল ২০২১

বিষয়: **জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি পুনর্গঠন প্রসঙ্গে।**

সূত্র: নং-৪০.০২.০০০০.০৩৬.৯৯.০০২.২০১৩.৯৩, তারিখ: ০২/০৪/২০১৮ খ্রি।

শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়ায় বর্তমানে চিকিৎসা কর্মকর্তা, জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা এবং অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর পদ শূন্য রয়েছে। এ অবস্থায় কর্তৃপক্ষ কর্তৃক নতুন কোন কর্মকর্তাকে এ দপ্তরে পদায়ন বা দায়িত্ব প্রদান না করা পর্যন্ত উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তরের কাজের সুবিধার্থে নিম্নে বর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্টসহ নৈতিকতা কমিটি পুনর্গঠন করা হলো।

০১	মোঃ জহিরুল হোসেন, আয়ন-ব্যয়ন কর্মকর্তা, শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া।	সভাপতি
০২	মোছাঃ লাকী আক্তার, শ্রম কল্যাণ সংগঠক, শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া।	সদস্য
০৩	মোঃ মাহমুদ হাসান, ফার্মাসিস্ট, শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া।	সদস্য
০৪	পারভেজ খান, শ্রম কল্যাণ সংগঠক, শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

০১। (ক) সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য চিহ্নিতকরণ;

(খ) পরিলক্ষিত অন্তরায় দুরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন;

(গ) কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ;

(ঘ) শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়ায় শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীয় কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ এবং

(ঙ) শ্রম অধিদপ্তরে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

০২। এ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে পারভেজ খান, শ্রম কল্যাণ সংগঠক, শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া শুদ্ধাচার ফোকাল পয়েন্ট এবং মোছাঃ লাকী আক্তার, শ্রম কল্যাণ সংগঠক, শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত আদেশ বাতিল বলে গণ্য হবে।

৫-৪-২০২১

মো. জহিরুল হোসেন

আয়ন ব্যয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ :

ইমেইল: lwckushtia.bd@gmail.com


- ১) শ্রম কল্যাণ সংগঠক (রুটিন দায়িত্ব), শ্রম কল্যাণ কেন্দ্র, শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া
- ২) শ্রম কল্যাণ সংগঠক, শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া
- ৩) ফার্মাসিস্ট (রুটিন দায়িত্ব), শ্রম কল্যাণ কেন্দ্র, শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া

স্মারক নম্বর: ৪০.০২.৫০০০.৪১৫.০৬.০০২.২১.২১/১(৩)

তারিখ: ২২ চৈত্র ১৪২৭
০৫ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
- ২) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
- ৩) পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন, বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা



৫-৪-২০২১

মো. জাহিরুল হোসেন

আয়ন ব্যয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)